ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২৩০৭
খোয়াই, ১২ আগস্ট, ২০২৫

**খোয়াইয়ে টোবাকো কন্ট্রোল ল এনফোর্সমেন্ট বিষয়ক একদিনের কর্মশালা অনুষ্ঠিত**

খোয়াই জেলার জেলাশাসকের অফিসের কনফারেন্স হলে আজ ভলান্টিয়ার হেলথ অ্যাসোসিয়েশনের উদ্যোগে জেলাভিত্তিক টোবাকো কন্ট্রোল ল এনফোর্সমেন্ট বিষয়ক একদিনের কর্মশালা অনুষ্ঠিত হয়। খোয়াই পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন নিবাস সাহা কর্মশালায় বক্তব্য রাখতে গিয়ে বলেন, তামাক সেবনের ক্ষতিকারক দিক বিষয়ে সবাইকে আরও বেশি করে সচেতন করতে হবে। কর্মশালায় উপস্থিত ছিলেন খোয়াই জেলার জেলাশাসক রজত পন্থ।

কর্মশালায় এনটিসিপি কনসালটেন্ট গৌতম দেব পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে তামাক ব্যবহার ও তার ক্ষতিকারক প্রভাব বিষয়ে আলোচনা করেন। বক্তব্য রাখেন জেলা প্রশাসনের সিনিয়র ডেপুটি ম্যাজিস্ট্রেট রূপাঞ্জন দাস।

*****